পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি
POWER GRID BANGLADESH PLC
(An Enterprise of Bangladesh Power Development Board)

Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 Web: www.powergrid.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.৪৫৩.১৮.০০৩.২১.১৭৩৩ তারিখঃ ২৫/১০/২০২৬খ্রিঃ

নবনির্মিত কুষ্টিয়া-মেহেরপুর ১৩২ কেভি সঞ্চালন লাইন চার্জিং এর সতর্কীকরণ বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় গ্রিড সঞ্চালন ব্যবস্থা সম্প্রসারণ" প্রকল্পের আওতায় নবনির্মিত **"কুষ্টিয়া-মেহেরপুর ১৩২ কেভি সঞ্চালন লাইন"** আগামী ২৮ অক্টোবর ২০২৬, বুধবার, দুপুর ০১:০০ ঘটিকায় ১,৩২,০০০ (এক লক্ষ বত্রিশ হাজার) ভোল্টেজ দিয়ে চালু করা হবে। চালুর পর হতে উক্ত বৈদ্যুতিক লাইনটি সার্বক্ষণিক ১,৩২,০০০ ভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে। উক্ত লাইনটি কুষ্টিয়া ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র হতে কুষ্টিয়া জেলার সদর ও মিরপুর উপজেলা, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলা এবং মেহেরপুর জেলার গাংনী ও সদর উপজেলার উপর দিয়ে অতিক্রম করে নবনির্মিত মেহেরপুর ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্রে যুক্ত হয়েছে।

নবনির্মিত ১,৩২,০০০ ভোল্টেজের বিদ্যুৎ সঞ্চালন লাইনের টাওয়ারসমূহে আরোহন, গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃক্ষাদি রোপন প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য এবং সঞ্চালন লাইন হতে নিরাপদ দূরত্ব বজায় রাখার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত উক্ত সঞ্চালন লাইন/ টাওয়ারের সংস্পর্শে এসে কেউ দূর্ঘটনার শিকার হলে পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

মোহাম্মদ ফয়জুল কবীর
প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী)
ঢাকা এবং পশ্চিাঞ্চলীয় গ্রিড সঞ্চালন ব্যবস্থা সম্প্রসারণ প্রকল্প